ভর্তি বিজ্ঞপ্তি
জগন্নাথ বিশ্ববিদ্যালয়

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

১. জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ০৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে **(www.admission.jnu.ac.bd)** আবেদন আহ্বান করছে। ২৫/০৮/২০১৬ তারিখ দুপুর ১২.০০টা থেকে ১০/০৯/২০১৬ তারিখ রাত ১২.০০টা (যে কোন দিন যে কোন সময়) পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন ফি **A, B, C** ও **D** ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৪০৪/-টাকা এবং **E** ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা, যা **bKash, SureCash** ও **DBBL** মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধযোগ্য।

২. **আবেদন করার যোগ্যতা ঃ**

ক) যে সকল শিক্ষার্থী ২০১৩ বা ২০১৪ সালে এসএসসি/সমমান এবং ২০১৬ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।

খ) (i) A, B, C ও D ইউনিটের জন্য শিক্ষার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট প্রাপ্ত জিপিএ বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, ভোকেশনাল, ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, ডিপ্লোমা ইন কমার্স ও ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট শাখার জন্য **৮.০** এবং অন্যান্য শাখার জন্য **৭.৫**। তবে, এসএসসি/সমমান অথবা এইচএসসি/সমমান কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **৩.৫** এর নীচে নয়।

(ii) E ইউনিটের জন্য শিক্ষার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট প্রাপ্ত জিপিএ বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, ভোকেশনাল, ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, ডিপ্লোমা ইন কমার্স ও ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্টসহ সকল শাখার জন্য **৬.৫**। তবে, এসএসসি/সমমান অথবা এইচএসসি/সমমান কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **২.৫** এর নীচে নয়। উল্লেখিত শর্ত পূরণ সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাক বিএফএ সার্টিফিকেটধারী শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(iii) একজন শিক্ষার্থী (শর্ত পূরণ সাপেক্ষে) সকল ইউনিটে পৃথকভাবে আবেদন করতে পারবে। সকল ইউনিটে বিভাগ/শাখা ভিত্তিক (কলা, বিজ্ঞান, বিজনেস স্টাডিজ, সামাজিক বিজ্ঞান ও অন্যান্য) আসন বন্টনের বিস্তারিত বিবরণ ওয়েবসাইটে ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

গ) সকল ইউনিটের জন্য জিসিই 'ও' লেভেল পরীক্ষায় অন্ততঃ ৩টি বিষয়ে 'সি' গ্রেডসহ ন্যূনতম ৫টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৬ সনের 'এ' লেভেল পরীক্ষায় অন্ততঃ ২টি বিষয়ে 'সি' গ্রেডসহ উত্তীর্ণ।

ঘ) **৪র্থ বিষয়সহ মোট জিপিএ গণনা করা হবে।**

৩. **অনলাইনে ভর্তির আবেদন করার জন্য আবেদনকারীর করণীয় ঃ**

ক) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীকে আবেদনের জন্য নির্ধারিত ওয়েবসাইটে **(www.admission.jnu.ac.bd)** login করতে হবে। আবেদনের যোগ্য কিনা তা যাচাই করার জন্য ওয়েবসাইটে প্রদর্শিত ওয়েব পেইজে নির্ধারিত তথ্য (এসএসসি ও এইচএসসি পরীক্ষার রোল নম্বর, পাশের সন, বোর্ড) দিতে হবে। সঠিকভাবে Input দেয়ার পরে Submit বাটন ক্লিক করতে হবে। ভর্তির আবেদনের জন্য যোগ্য বিবেচিত হলে টাকা জমা দেয়ার জন্য আবেদনকারীকে একটি মোবাইল ফোন নম্বর দিতে হবে। মোবাইল ফোন নম্বর দেয়ার পর Submit বাটনে ক্লিক করলে একটি Payment ID Number পাওয়া যাবে। যেমন: পেমেন্ট আইডি নম্বর হলঃ XXXXXX.

খ) উক্ত পেমেন্ট আইডি নম্বর ব্যবহার করে bKash, SureCash ও DBBL মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি বাবদ আবেদনকারীকে A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৪০৪/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা দিতে হবে।

আবেদন ফি প্রদানের পদ্ধতি ঃ

bKash-এর মাধ্যমে টাকা পেমেন্ট করার পদ্ধতি	**SureCash-এর মাধ্যমে টাকা পেমেন্ট করার পদ্ধতি**	**DBBL মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা পেমেন্ট করার পদ্ধতি**
বিকাশ একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: (i) Dial *247# (ii) Payment এর জন্য **3** press করতে হবে (iii) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের Merchant Account নম্বর 01994555666 এন্টার করতে হবে। (iv) আবেদনকারীকে A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৪০৪/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা দিতে হবে। (v) অনলাইন হতে প্রাপ্ত Payment ID Number টি রেফারেন্স ফিল্ড এ Input দিতে হবে। (vi) Counter Number এ **1** press করতে হবে (vii) অতঃপর bKash একাউন্ট এর গোপন PIN Number টি এন্টার করতে হবে। এরপর Payment Successful হলে একটি Payment Confirmation মেসেজ পাওয়া যাবে যা ভবিষ্যত প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। ♦**bKash হেল্প লাইন নম্বর 16247**	SureCash একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: (i) Dial *257# (ii) Payment এর জন্য **2** press করতে হবে। (iii) Payment keyword এর জন্য **JNU** লিখতে হবে। (iv) অনলাইন হতে প্রাপ্ত Payment ID Number দিতে হবে। (v) SureCash একাউন্ট এর চার সংখ্যার গোপন PIN Number Input দিতে হবে (এক্ষেত্রে অবশ্যই আবেদনকারীর SureCash Account এ A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৪০৪/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা ব্যালেন্স থাকতে হবে)। উক্ত প্রক্রিয়া সঠিক হলে একটি Successful মেসেজ পাওয়া যাবে যা ভবিষ্যত প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। ♦**SureCash হেল্প লাইন নম্বর 09606060607** (রবি থেকে বৃহস্পতিবার সকাল ৯:০০টা থেকে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত)	DBBL মোবাইল ব্যাংকিং একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: (i) Dial *322# (ii) Payment এর জন্য **1** press করতে হবে। (iii) মেসেজ এ **1** press করতে হবে। (iv) Biller ID ফিল্ডে **399** টাইপ করতে হবে। (v) Answer প্রেস করে Bill Number ফিল্ডে Payment ID Number দিতে হবে। (vi) Answer প্রেস করে Amount ফিল্ডে আবেদনকারীকে A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য ৪০০/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি সহ ৫০০/-টাকা দিতে হবে। (এক্ষেত্রে অবশ্যই আবেদনকারীর DBBL মোবাইল ব্যাংকিং Account এ A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৪০৪/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা ব্যালেন্স থাকতে হবে)। (vii) Answer প্রেস করে DBBL মোবাইল ব্যাংকিং একাউন্ট-এ চার সংখ্যার গোপন PIN Number দিতে হবে। (viii) উক্ত প্রক্রিয়া Successful হলে 16216 নম্বর থেকে একটি Payment Confirmation মেসেজ পাওয়া যাবে যা ভবিষ্যত প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। ♦**DBBLমোবাইল ব্যাংকিং হেল্প লাইন নম্বর 16216**

গ) টাকা প্রদানের পর আবেদনকারীকে JnU Admission Website **(www.admission.jnu.ac.bd)** এ login করতে হবে।

ঘ) login করার পর আবেদনকারীকে অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করতে হবে। Web Page এ প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ। পরবর্তীতে আবেদনকারীর প্রদত্ত 'বিষয় পছন্দক্রম' কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

ঙ) **অতঃপর আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০x৩০০ পিক্সেল সর্বোচ্চ ৮০ kb ফরম্যাট JPG) এবং স্বাক্ষর (৩০০x৮০পিক্সেল) Upload করতে হবে।**

চ) **<u>কোটায় ভর্তিচ্ছুদের ক্ষেত্রে অনুসরণীয় নিয়মাবলী</u>:** কোটাভুক্ত হওয়ার জন্য নির্ধারিত তথ্য আপলোড (Upload) করতে হবে, যেমন:-মুক্তিযোদ্ধার সন্তান কোটা **(FFQ)**/মুক্তিযোদ্ধার নাতি-নাতনি কোটা **(FFG)**/ পোষ্য(ওয়ার্ড) কোটা **(WQ)**/উপজাতি কোটা **(TQ)**/ শারীরিক প্রতিবন্ধী কোটা **(PDQ)**/ খেলোয়াড় কোটা **(BKSP)** উল্লেখ করতে হবে।

ছ) পুরণকৃত ফরমে যে তথ্য দেয়া হয়েছে তা পুনরায় চেক করতে হবে। মনে রাখতে হবে Final Submit Button এ Click করার পর পূরণকৃত ফরমের কোন তথ্য পরিবর্তন করা যাবে না। তাই Final Submit Button এ Click করার আগেই নিশ্চিত হতে হবে যে ফরমটি যথাযথভাবে পূরণ করা হয়েছে। চেক করার পর সকল তথ্য যথাযথ হলে Final Submit Button এ Click করতে হবে।

জ) **Admit Card ডাউনলোড করার সময়সূচী:**

ইউনিট	**তারিখ**		**সময়**
	থেকে	**পর্যন্ত**	
B ও E	১৬/০৯/২০১৬	১৮/০৯/২০১৬	রাত ১২:০০টা পর্যন্ত
C	২৩/০৯/২০১৬	২৫/০৯/২০১৬	রাত ১২:০০টা পর্যন্ত
A	২৬/০৯/২০১৬	১৩/১০/২০১৬	রাত ১২:০০টা পর্যন্ত
D	১৪/১০/২০১৬	২৩/১০/২০১৬	রাত ১২:০০টা পর্যন্ত

Admit Card-এর দুই কপি (বিশ্ববিদ্যালয়ের কপি এবং শিক্ষার্থীর কপি) প্রিন্ট করতে হবে। Admit Card ব্যতীত ভর্তি পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না। তাছাড়া চূড়ান্তভাবে নির্বাচিত হলে Admit Card ব্যতীত ভর্তি হওয়া যাবে না বিধায় প্রিন্টকৃত Admit Card সযত্নে সংরক্ষণ করতে হবে।

ঝ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়(বাউবি), ইংলিশ মিডিয়াম অথবা বিদেশ থেকে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের **২৫/০৮/২০১৬ থেকে ০৬/০৯/২০১৬** তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত অগ্রণী ব্যাংক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখায় ভর্তি পরীক্ষার ফি বাবদ A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৪০৪/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা জমা দিয়ে **সভাপতি, সংশ্লিষ্ট ইউনিট** বরাবরে আবেদন করতে হবে। আবেদনের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট, প্রশংসাপত্র এবং সনদপত্রের প্রত্যেকটির একটি করে অনুলিপি জমা দিয়ে সংশ্লিষ্ট ইউনিট সভাপতির নিকট থেকে ম্যানুয়ালী Admit Card সংগ্রহ করতে হবে।

৪. ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে শিক্ষার্থীর করণীয় ঃ

ক) সফলভাবে আবেদনকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট, সংবাদপত্র ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে জানানো হবে। পরীক্ষার্থীকে নির্ধারিত কেন্দ্রে ও আসনেই পরীক্ষা দিতে হবে।

খ) প্রিন্টকৃত Admit Card-এর দুই কপি (বিশ্ববিদ্যালয়ের কপি এবং শিক্ষার্থীর কপি) অবশ্যই সংগে আনতে হবে। পরীক্ষার হলে Admit Card-এর বিশ্ববিদ্যালয়ের কপি ইনভিজিলেটরের নিকট জমা দিতে হবে এবং শিক্ষার্থীর কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে যা ভর্তির সময় প্রয়োজন হবে।

গ) Admit Card ছাড়া কোন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

ঘ) পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস আনা নিষিদ্ধ। এ ধরণের কোন সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করা হবে।

৫. ভর্তি পরীক্ষার বিষয় ও নম্বর বন্টন ঃ

ক) **বিভিন্ন ইউনিটে ভর্তি পরীক্ষার বিষয়**

A **ইউনিট ঃ** ♦ উচ্চ মাধ্যমিকে **বিজ্ঞান শাখার** শিক্ষার্থী ঃ

উচ্চ মাধ্যমিকে পঠিত বিষয়	ভর্তি পরীক্ষায় উত্তর দিতে হবে।
পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান ও গণিত	i) পদার্থবিজ্ঞান, ii) রসায়ন, iii) জীববিজ্ঞান, iv) গণিত
পদার্থবিজ্ঞান, রসায়ন এবং জীববিজ্ঞান/গণিত	i) পদার্থবিজ্ঞান, ii) রসায়ন, iii) জীববিজ্ঞান/গণিত, iv) বাংলা/ইংরেজি
উচ্চ মাধ্যমিকে যাদের গণিত ও জীববিজ্ঞান কোনটিই ছিল না	i) পদার্থবিজ্ঞান, ii) রসায়ন, iii) বাংলা, iv) ইংরেজি

♦ উচ্চ মাধ্যমিকে **বিজ্ঞান ব্যতীত অন্যান্য শাখার** শিক্ষার্থী ঃ i) বাংলা, ii) ইংরেজি ও iii) সাধারণ জ্ঞান

B **ইউনিটঃ** ♦ i) বাংলা/এডভান্সড ইংরেজি (শুধুমাত্র জিসিই শাখার জন্য), ii) ইংরেজি ও iii) সাধারণ জ্ঞান;

C **ইউনিটঃ** ♦ উচ্চ মাধ্যমিকে **ব্যবসায় শিক্ষা শাখার** শিক্ষার্থীঃ i) ইংরেজি, ii) গাণিতিক বুদ্ধিমত্তা পরীক্ষা ও iii) হিসাববিজ্ঞান এবং ব্যবসায় নীতি ও প্রয়োগ;

♦ উচ্চ মাধ্যমিকে **ব্যবসায় শিক্ষা ব্যতীত অন্যান্য শাখার** শিক্ষার্থীঃ i) বাংলা, ii) ইংরেজি ও iii) গাণিতিক বুদ্ধিমত্তা পরীক্ষা;

D **ইউনিটঃ** ♦ i) বাংলা/এডভান্সড ইংরেজি (শুধুমাত্র জিসিই শাখার জন্য), ii) ইংরেজি ও iii) সাধারণ জ্ঞান (সামাজিক বিজ্ঞান ভিত্তিক বিষয়কে অগ্রাধিকার দেয়া হবে)।

E **ইউনিটঃ** ♦ i) বাংলা/এডভান্সড ইংরেজি (শুধুমাত্র জিসিই শাখার জন্য), ii) ইংরেজি ও iii) সাধারণ জ্ঞান (শিল্প ও সংস্কৃতি বিষয়ক)।

খ) **ভর্তি পরীক্ষার প্রশ্নের ধরণ MCQ, মোট নম্বর ৭২, সময় ১ ঘন্টা ।** A ইউনিটে উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের প্রত্যেককে চারটি বিষয়ের প্রতিটিতে ১৮টি করে মোট ৭২টি, বিজ্ঞান শাখা ব্যতীত অন্যান্য শাখার এবং B, C, D ও E ইউনিটে প্রত্যেক শিক্ষার্থীকে তিনটি বিষয়ের প্রতিটিতে ২৪টি করে মোট ৭২টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১.০০। প্রতি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে এবং তা বিষয়ভিত্তিক সমন্বয় করা হবে।

৬. বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউট ও আসনসংখ্যা ঃ

A **ইউনিটঃ** পদার্থবিজ্ঞান-৮০টি, রসায়ন-৮০টি, গণিত-৮০টি, পরিসংখ্যান-৮০টি, প্রাণিবিদ্যা-৮০টি, উদ্ভিদবিজ্ঞান-৮০টি, ভূগোল ও পরিবেশ-৮০টি, মনোবিজ্ঞান-৮০টি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-৫০টি, মাইক্রোবায়োলজি-৪০টি, ফার্মেসী-৩৫টি, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি-৩০টি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি-৩০টি। মোট আসন সংখ্যা-৮২৫টি।

B **ইউনিটঃ** বাংলা-৮০টি, ইংরেজি-৮০টি, ইতিহাস-৮০টি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-৮০টি, ইসলামিক স্টাডিজ-৮০টি, দর্শন-৮০টি, আইন-৮০টি, ভূমি আইন ও ব্যবস্থাপনা-৬০টি, শিক্ষা ও গবেষণা-৫০টি। মোট আসন সংখ্যা-৬৭০টি।

C **ইউনিটঃ** একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্-১৬০টি, ম্যানেজমেন্ট স্টাডিজ-১৬০টি, মার্কেটিং-১২০টি, ফিন্যান্স-১২০টি। মোট আসন সংখ্যা-৫৬০টি।

D **ইউনিটঃ** অর্থনীতি-৮০টি, রাষ্ট্রবিজ্ঞান-৮০টি, সমাজবিজ্ঞান-৮০টি, সমাজকর্ম-৮০টি, নৃবিজ্ঞান-৮০টি, গণযোগাযোগ ও সাংবাদিকতা-৮০টি, লোকপ্রশাসন-৮০টি, ফিল্ম এন্ড টেলিভিশন-৩০টি। মোট আসন সংখ্যা-৫৯০টি।

E **ইউনিটঃ** সংগীত-৪০টি, চারুকলা-৪০টি, নাট্যকলা-৪০টি। মোট আসন সংখ্যা-১২০টি।

সর্বমোট আসন সংখ্যা=২৭৬৫টি।

৭. ভর্তি পরীক্ষার সময়সূচি ঃ

ক্রম.	তারিখ	বার	ইউনিট	অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট	পরীক্ষার সময়
০১	২৩/৯/২০১৬	শুক্রবার	**B**	কলা অনুষদ, আইন অনুষদ এবং আইইআর	৩:০০টা থেকে ৪:০০টা
০২	২৪/৯/২০১৬	শনিবার	**E**	সংগীত বিভাগ, চারুকলা বিভাগ এবং নাট্যকলা বিভাগ	৩:০০টা থেকে ৪:০০টা
০৩	৩০/৯/২০১৬	শুক্রবার	**C**	ব্যবসায় শিক্ষা অনুষদ	৩:০০টা থেকে ৪:০০টা
০৪	২১/১০/২০১৬	শুক্রবার	**A**	বিজ্ঞান অনুষদ ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ	৩:০০টা থেকে ৪:০০টা
০৫	২৮/১০/২০১৬	শুক্রবার	**D**	সামাজিক বিজ্ঞান অনুষদ	৩:০০টা থেকে ৪:০০টা

ভর্তির আবেদন প্রক্রিয়ার বিস্তারিত তথ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.jnu.ac.bd)-এ পাওয়া যাবে।

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার।

৮. বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটে শাখাভিত্তিক আসনসংখ্যা এবং ভর্তির শর্তাবলী ঃ

A ইউনিট (বিজ্ঞান অনুষদ ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)

ক্রম.	বিভাগ	মোট আসন	শাখাভিত্তিক আসন		উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
			বিজ্ঞান	অন্যান্য	
০১	পদার্থবিজ্ঞান	৮০	৮০	-	পদার্থবিজ্ঞান **B** এবং গণিত **B**
০২	রসায়ন	৮০	৮০	-	রসায়ন **B**, গণিত **B** এবং পদার্থবিজ্ঞান **B**
০৩	গণিত	৮০	৮০	-	গণিত **A-**
০৪	পরিসংখ্যান	৮০	৮০	-	গণিত **B**
০৫	প্রাণিবিদ্যা	৮০	৮০	-	জীববিজ্ঞান **B**
০৬	উদ্ভিদবিজ্ঞান	৮০	৮০	-	জীববিজ্ঞান **B** এবং রসায়ন **B**
০৭	ভূগোল ও পরিবেশ	৮০	৭২	৮	**বিজ্ঞান শাখার জন্যঃ** ভূগোল **B**/ পদার্থবিজ্ঞান **C**/গণিত **C**/ জীববিজ্ঞান **C**/ রসায়ন **C এবং অন্যান্য শাখার জন্যঃ** ইংরেজি **C**
০৮	মনোবিজ্ঞান	৮০	৬০	২০	**বিজ্ঞান শাখার জন্যঃ** মনোবিজ্ঞান **B**/ জীববিজ্ঞান **B**/ গণিত **C**/ পরিসংখ্যান **C**/ ভূগোল **C এবং অন্যান্য শাখার জন্যঃ** ইংরেজি **C**
০৯	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৫০	৫০	-	পদার্থবিজ্ঞান **A+**, গণিত **A+** এবং রসায়ন **A+**
১০	মাইক্রোবায়োলজি	৪০	৪০	-	জীববিজ্ঞান **A**, রসায়ন **A**, বাংলা **A** এবং ইংরেজি **A**
১১	ফার্মেসী	৩৫	৩৫	-	রসায়ন **A**, জীববিজ্ঞান **A**, গণিত **A**, বাংলা **A** এবং ইংরেজি **A**
১২	বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি	৩০	৩০	-	রসায়ন **A**, জীববিজ্ঞান/গণিত **A**, পদার্থবিজ্ঞান **A** এবং ইংরেজি **A**
১৩	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি	৩০	৩০	-	রসায়ন **A**, জীববিজ্ঞান **A** এবং ইংরেজি **A**
	মোট	**৮২৫**	**৭৯৭**	**২৮**	

B ইউনিট [কলা অনুষদ, আইন অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)]

ক্রম.	বিভাগ/ইনস্টিটিউট	মোট আসন	শাখাভিত্তিক আসন			উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
			মানবিক	বিজ্ঞান	বাণিজ্য ও অন্যান্য	
০১	বাংলা	৮০	৬০	১২	৮	বাংলা (২০০ নম্বরের পরীক্ষায়) **B**
০২	ইংরেজি	৮০	৩৫	৩০	১৫	বাংলা ও ইংরেজি (২০০ নম্বরের পরীক্ষায়) **A-**
০৩	ইতিহাস	৮০	৬০	১২	৮	ইতিহাস/বাংলা/ইংরেজি **B**
০৪	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	৮০	৬০	১২	৮	ইসলামের ইতিহাস/বাংলা/ইংরেজি **B**
০৫	ইসলামিক স্টাডিজ	৮০	৬৭	১০	৩	ইসলামকি স্টাডিজ/বাংলা/ইংরেজি **B**
০৬	দর্শন	৮০	৬২	১০	৮	যুক্তিবিদ্যা/বাংলা/ইংরেজি **B**
০৭	আইন	৮০	২৫	৩০	২৫	বাংলা ও ইংরেজি (২০০ নম্বরের পরীক্ষায়) **A-**
০৮	ভূমি আইন ও ব্যবস্থাপনা	৬০	২০	২০	২০	বাংলা ও ইংরেজি **A-**
০৯	শিক্ষা ও গবেষণা	৫০	২৫	১৫	১০	বাংলা ও ইংরেজি **B**
	মোট	**৬৭০**	**৪১৪**	**১৫১**	**১০৫**	-

C ইউনিট (ব্যবসায় শিক্ষা অনুষদ)

ক্রম.	বিভাগ	মোট আসন	শাখাভিত্তিক আসন		উচ্চ মাধমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
			বাণিজ্য	অন্যান্য	
০১	একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্	১৬০	১৪০	২০	প্রযোজ্য নয়
০২	ম্যানেজমেন্ট স্টাডিজ	১৬০	১৪০	২০	
০৩	মার্কেটিং	১২০	১০৫	১৫	
০৪	ফিন্যান্স	১২০	১০৫	১৫	
	মোট	**৫৬০**	**৪৯০**	**৭০**	-

D ইউনিট (সামাজিক বিজ্ঞান অনুষদ)

ক্রম.	বিভাগ	মোট আসন	শাখাভিত্তিক আসন			উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
			মানবিক	বিজ্ঞান	বাণিজ্য ও অন্যান্য	
০১	অর্থনীতি	৮০	৩৫	৩০	১৫	ইংরেজি **A** এবং অর্থনীতি/গণিত/পরিসংখ্যান/হিসাব বিজ্ঞান/বাণিজ্যিক ভূগোল **A-**
০২	রাষ্ট্রবিজ্ঞান	৮০	৪০	৩০	১০	রাষ্ট্রবিজ্ঞান/বাংলা/ইংরেজি **B**
০৩	সমাজবিজ্ঞান	৮০	৬০	১২	৮	সমাজবিজ্ঞান/বাংলা/ইংরেজি **B**
০৪	সমাজকর্ম	৮০	৬০	১২	৮	সমাজকল্যাণ/বাংলা/ইংরেজি **B**
০৫	নৃবিজ্ঞান	৮০	৫০	২০	১০	বাংলা/ইংরেজি **B**
০৬	গণযোগাযোগ ও সাংবাদিকতা	৮০	৫৫	১৫	১০	বাংলা/ইংরেজি **A**
০৭	লোক প্রশাসন	৮০	৪০	২০	২০	ইংরেজি **A** এবং রাষ্ট্রবিজ্ঞান/বাংলা **A-**
০৮	ফিল্ম এন্ড টেলিভিশন	৩০	২০	৫	৫	বাংলা ও ইংরেজি **A-**
	মোট	**৫৯০**	**৩৬০**	**১৪৪**	**৮৬**	-

E ইউনিট (কলা অনুষদের অন্তর্ভুক্ত)

ক্রম.	বিভাগ	মোট আসন	শাখাভিত্তিক আসন	উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
০১	সংগীত	৪০	সকল শাখার জন্য উন্মুক্ত।	প্রযোজ্য নয়
০২	চারুকলা	৪০		
০৩	নাট্যকলা	৪০		
মোট		১২০		

৯. মেধা তালিকা প্রণয়ন ও বিষয় মনোনয়ন পদ্ধতি ঃ

ক) **মেধা তালিকা প্রণয়ন পদ্ধতি ঃ**

i) A ইউনিট ঃ উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান শাখার কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় প্রতিটি বিষয়ে কমপক্ষে ৬ নম্বরসহ সর্বমোট ৩০ নম্বর পেলে উত্তীর্ণ বলে গণ্য হবে। উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান শাখা ব্যতীত অন্যান্য শাখার পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় প্রতিটি বিষয়ে কমপক্ষে ৮ নম্বরসহ সর্বমোট ৩০ নম্বর পেলে উত্তীর্ণ বলে গণ্য হবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট ১০০ নম্বর (ভর্তি পরীক্ষার ৭২ নম্বর, মাধ্যমিক/সমমান ফলাফলে ১২ নম্বর ও উচ্চ মাধ্যমিক/সমমান ফলাফলে ১৬ নম্বর) এর মধ্যে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শাখাভিত্তিক পৃথক মেধা তালিকা প্রণয়ন ও প্রকাশ করা হবে। উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে অন্যান্য শর্তাবলীও প্রযোজ্য।

ii) B, C ও D ইউনিট ঃ এ সকল ইউনিটের কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় প্রতিটি বিষয়ে কমপক্ষে ৮ নম্বরসহ সর্বমোট ৩০ নম্বর পেলে উত্তীর্ণ বলে গণ্য হবে। সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত যে কোন বিভাগে ভর্তির জন্য পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে কমপক্ষে ১২ নম্বর পেতে হবে। **ইংরেজি বিভাগে ভর্তির জন্য পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে কমপক্ষে ১৪ নম্বর পেতে হবে।** ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট ১০০ নম্বর (ভর্তি পরীক্ষার ৭২ নম্বর, মাধ্যমিক/সমমান ফলাফলে ১২ নম্বর ও উচ্চ মাধ্যমিক/সমমান ফলাফলে ১৬ নম্বর) এর মধ্যে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শাখাভিত্তিক পৃথক মেধা তালিকা প্রণয়ন ও প্রকাশ করা হবে। উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে অন্যান্য শর্তাবলীও প্রযোজ্য।

iii) E ইউনিট ঃ কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় প্রতিটি বিষয়ে কমপক্ষে ৮ নম্বরসহ সর্বমোট ৩০ নম্বর পেলে উত্তীর্ণ বলে গণ্য হবে। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মোট ১০০ নম্বর (ভর্তি পরীক্ষার ৭২ নম্বর, মাধ্যমিক/সমমান ফলাফলে ১২ নম্বর ও উচ্চ মাধ্যমিক/সমমান ফলাফলে ১৬ নম্বর) এর মধ্যে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম পর্যায়ের মেধা তালিকা প্রণয়ন করা হবে। উক্ত মেধা তালিকা অনুসারে আসন সংখ্যার সর্বোচ্চ ৫ (পাঁচ) গুণ পরীক্ষার্থীর সংশ্লিষ্ট ক্ষেত্রে আরো ৫০ নম্বরের Performance Test/ব্যবহারিক পরীক্ষা নেয়া হবে। Performance Test/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে কমপক্ষে ১৬ নম্বর পেতে হবে। Performance Test/ব্যবহারিক পরীক্ষার পর সর্বমোট ১৫০ (১০০+৫০) নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রণয়ন ও প্রকাশ করা হবে। উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে অন্যান্য শর্তাবলীও প্রযোজ্য। **উল্লেখ্য, E ইউনিটে ভর্তি হওয়া শিক্ষার্থীরা কোনভাবেই বিভাগ পরিবর্তন করতে পারবে না।**

খ) **বিষয় মনোনয়ন পদ্ধতি ঃ**

i) সকল ইউনিটের শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী মেধাক্রমানুসারে পৃথক ভাবে বিষয় বরাদ্দ করে তালিকা প্রকাশ করা হবে। তালিকা অনুযায়ী শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগে গিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ii)) শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী মেধাক্রমানুসারে বিষয় বরাদ্দ তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট অনুষদের নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

iii) কোন শিক্ষার্থী মনোনীত বিষয়ে ভর্তি না হলে পরবর্তীতে অন্য কোন বিষয়েই ভর্তির সুযোগ পাবে না।

iv) সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রে এবং সনদপত্রে প্রদত্ত নামের বানান একই রকম না হলে অথবা অন্য কোন রকম গরমিল থাকলে শিক্ষার্থীকে ভর্তির অনুমতি দেয়া হবে না।

১০. আসন পূরণ ঃ

ক) A, B, C ও D ইউনিটের শাখা ভিত্তিক তালিকা থেকে মেধাক্রমানুসারে নির্ধারিত সংখ্যক আসন পৃথক ভাবে পূরণ করা হবে। কোন শাখায় যোগ্য শিক্ষার্থী পাওয়া না গেলে শর্তপূরণ সাপেক্ষে অন্য শাখা থেকে মেধাক্রমানুসারে শূণ্য আসন পূরণ করা হবে।

খ) মনোনীত বিভাগে নোটিশে দেয়া নির্ধারিত সময়ের মধ্যেই ভর্তি হতে হবে। নির্ধারিত সময়ের পর শূণ্য আসনে ভর্তির জন্য পরবর্তী তালিকা প্রণয়ন ও প্রকাশ করা হবে। সেক্ষেত্রে পূর্ববর্তী তালিকার ভর্তি হতে না পারা শিক্ষার্থীর কোন আবেদন বিবেচিত হবে না।

১১. মনোনয়ন প্রাপ্তির পর শিক্ষার্থীর করণীয় ঃ

ক) **প্রবেশপত্রে উল্লেখিত বিষয় পছন্দক্রম অনুযায়ী প্রাপ্ত বিষয়েই ভর্তি হতে হবে।**

খ) মনোনীত শিক্ষার্থী সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত তারিখের মধ্যে যোগাযোগ করে বিভাগীয় অফিস থেকে 'পে-ইন স্লিপ' সংগ্রহ করবে এবং তাতে উল্লেখিত টাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ব্যাংকে/ ব্যাংকের শাখায় জমা করে জমা রশিদ বিভাগীয় অফিসে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।

গ) মনোনীত বিভাগে শিক্ষার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে হবে। অন্যথায় শিক্ষার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

ঘ) আসন খালি ও যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তিকৃত শিক্ষার্থীর প্রবেশপত্রে উল্লেখিত বিষয় পছন্দক্রম ও মেধাক্রমানুসারে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন/বিষয় পরিবর্তন হবে। পরবর্তীতে মাইগ্রেশন সম্পর্কিত কোন আবেদন গৃহীত হবে না।

১২. ভর্তির সময় শিক্ষার্থীর করণীয় ঃ

ক) ভর্তির সময় শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্রগুলো মনোনয়ন প্রাপ্ত বিভাগে জমা দিতে হবে-

i) **একটি ফটোকপিসহ প্রিন্টকৃত Admit Card এর শিক্ষার্থীর অংশ (মূলকপি);**

ii) সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট এবং দুই কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি;

iii) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার মূল সার্টিফিকেট ও নম্বরপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড এবং প্রতিটির একটি করে ফটোকপি (এইচএসসি/সমমানের সনদপত্র সংগ্রহে না থাকলে নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি দিতে হবে এবং ফটোকপিগুলো সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক কর্তৃক সত্যায়িত হতে হবে);

iv) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত এইচএসসি/সমমান পরীক্ষা পাশের প্রশংসাপত্রের ফটোকপি; ও

v) মনোনয়ন প্রাপ্ত বিভাগ থেকে সংগৃহীত ও স্বহস্তে পূরণকৃত ভর্তি ফরম ও ভর্তি কার্ড।

খ) বিভাগীয় সেমিনার, বিবিধ ও অন্যান্য ফি (যা কেন্দ্রীয়ভাবে নির্ধারিত) জমা দিতে হবে।

গ) ক্লাশ রুটিন, সিলেবাস ও পরিচয়পত্র বিভাগ থেকে প্রদান করা হবে।

♦ **জগন্নাথ বিশ্ববিদ্যালয় সেমিস্টার রুলস অনুসারে ক্লাশ শুরুর পর ১৫ কর্মদিবসের মধ্যে কোন ক্লাশেই উপস্থিত না থাকলে সংশ্লিষ্ট বিভাগ তার ভর্তি বাতিলের ব্যবস্থা গ্রহণ করবে।**

১৩. কোটায় ভর্তি ঃ

মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী, উপজাতি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সন্তান/স্বামী/স্ত্রী পোষ্য (WARD) কোটায় আবেদন করতে পারবে। কোটার আওতায় ভর্তির জন্য আবেদন করলে, পোষ্য (WARD) কোটার ক্ষেত্রে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/রেজিস্ট্রার প্রদত্ত প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র, **নাতি-নাতনি প্রমাণের জন্য পিতামহ/মাতামহের সনদপত্র,** উপজাতি বা আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব স্ব উপজাতি প্রধান এবং জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র, প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট বিভাগ/কর্তৃপক্ষ থেকে নিবন্ধন/প্রমাণপত্র অবশ্যই জমা দিতে হবে। খেলোয়াড় কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP) থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে। এক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সনদপত্র প্রাপ্ত হতে হবে। ভর্তির ক্ষেত্রে ভর্তির ন্যূনতম যোগ্যতাসহ অন্যান্য শর্তাবলী পূরণ করতে হবে। কোটায় ভর্তির হার নিম্নরূপঃ

(ক) মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার নাতি-নাতনিঃ ৫% (প্রথমে মুক্তিযোদ্ধার সন্তান ভর্তির সুযোগ পাবে। মুক্তিযোদ্ধার সন্তান পাওয়া না গেলে মুক্তিযোদ্ধার নাতি-নাতনি সুযোগ পাবে)

(খ) উপজাতি / প্রতিবন্ধী	ঃ ১%
(গ) পোষ্য (WARD)	ঃ ০.৫%।
(ঘ) খেলোয়াড়	ঃ সর্বোচ্চ ১০ জন, তবে কোন বিভাগে ০১(এক) জনের বেশি নয়।

অত্র নির্দেশিকার ক্রম ৩ (চ) অনুযায়ী কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের অবশ্যই আবেদনের সময় কোটা উল্লেখ করতে হবে। পরবর্তীতে কোটায় অন্তর্ভুক্তির জন্য কোন আবেদন বিবেচনা করা হবে না।

১৪. বিবিধ ঃ

ক) ভর্তি প্রক্রিয়ার যে কোন স্তরে অনিয়ম/অযোগ্যতা/দুর্নীতি ধরা পড়লে ভর্তি বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা (পুলিশে সোপর্দ করাসহ) গ্রহণ করা হবে।

খ) পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোন অভিযোগ প্রমানিত হলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

গ) ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের ক্ষমতা জবি কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।

ঘ) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.jnu.ac.bd)-এ ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।